

Virtual Summit between Prime Minister Narendra Modi and Prime Minister Scott Morrison of Australia on 4th June 2020

June 03, 2020

4 ঠা জুন 2020 তারিখে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এবং অস্ট্রেলিয়ার প্রধানমন্ত্রী স্কট মরিশনের মধ্যে ভারত-অস্ট্রেলিয়া শীর্ষসম্মেলন

জুন 03,2020

1. প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী 04 ঠা জুন 2020 তারিখে অস্ট্রেলিয়ার প্রধানমন্ত্রী শ্রী স্কট মরিশনের সাথে ভারত-অস্ট্রেলিয়া ভারত-অস্ট্রেলিয়া শীর্ষ সম্মেলনের আয়োজন করবেন। এই বছরে প্রধানমন্ত্রীর অস্ট্রেলিয়া সফর এবং স্কট মরিশনের ভারত সফরের দিনক্ষণ স্থির হয়ে গিয়েছিল কিন্তু সেটি সম্ভব হতে পারেনি। তারা “ভারত-অস্ট্রেলিয়া শীর্ষ সম্মেলন”-এর বিষয়ে সহমত হয়েছিলেন। এই প্রথমবার প্রধানমন্ত্রী মোদী “দ্বিপাক্ষিক ভারত-অস্ট্রেলিয়া শীর্ষ সম্মেলনের” আয়োজন করেছেন, এটি অস্ট্রেলিয়ার সাথে মৈত্রী বন্ধনকে মজবুত এবং এবং উর্দ্ধগতিকে তাৎপর্যপূর্ণ করেছে।
2. এর আগে 06 এপ্রিল 2020 তারিখে দুই প্রধানমন্ত্রী নিজেদের মধ্যে টেলিফোনে বাক্যলাপ করেছিলেন, যেখানে একে অপরের দেশে আটকে পড়া নাগরিকদের সুবিধা প্রদান এবং সহযোগিতা সহ চলতে থাকা কোভিড-19 নিয়ে নিজেদের মধ্যে আলোচনা করেছিলেন। অস্ট্রেলিয়াতে ভারতীয় অভিবাসীরা রয়েছেন যারা এই দুই দেশের মধ্যে যোগসূত্র স্থাপনে গুরুত্বপূর্ণ অবদান রেখেছেন। ফোনলাপের সময়, প্রধানমন্ত্রী স্কট মরিশন বলেছেন, ভারতীয় ছাত্র সহ ভারতীয় জনগোষ্ঠীকে অস্ট্রেলিয়া সমাজের একটি স্পন্দনশীল অংশ হিসেবে গণ্য করা হয়ে থাকে।
3. ভারত এবং অস্ট্রেলিয়ার মধ্যে উষ্ণ এবং সৌহার্দ্যপূর্ণ সম্পর্ক রয়েছে, যা কিনা দৃঢ়তার সাথে প্রসারিত হচ্ছে।
4. প্রধানমন্ত্রী টনি অ্যাবোট-এর 2014 সালের সেপ্টেম্বর মাসে ভারত সফর এবং 2014 সালের নভেম্বর মাসে প্রধানমন্ত্রী মোদীর অস্ট্রেলিয়া সফরের মধ্যে দিয়ে 2014 সালে দুই দেশের মধ্যে কৌশলগত অংশীদারিত্ব শক্তিশালী হয়েছে। 2014 সালের নভেম্বর মাসে প্রধানমন্ত্রী মোদীর অস্ট্রেলিয়া সফর কালে অস্ট্রেলিয়া এবং ভারতের মধ্যে সুরক্ষা সহযোগিতার পরিকাঠামো চুক্তি স্বাক্ষর, দুই দেশের মধ্যে জোরদার বৈদেশিক, সামরিক এবং সুরক্ষা নীতির বিনিময়ের ভিত্তি স্থাপিত হয়েছে। সেই সময় থেকে প্রাতিষ্ঠানিক আলোচনার বৈঠক নিয়মিতভাবে হয়ে চলেছে।
5. উচ্চ পর্যায়ের পারস্পরিক আদানপ্রদানও হয়ে চলেছে। প্রধানমন্ত্রী ম্যালকম টার্নবুল, এপ্রিল 2017 তে ভারত সফর করেছেন; মার্চ 2018 তে আন্তর্জাতিক সৌর জোট প্রতিষ্ঠাতে অংশগ্রহণের জন্য অস্ট্রেলিয়ার গভর্নর জেনারেল ভারতে সফর করেছিলেন এবং নভেম্বর 2018 তে রাষ্ট্রপতি অস্ট্রেলিয়াতে ঐতিহাসিক সফর করেছিলেন। গত দেড় বছরে প্রধানমন্ত্রী মোদী এবং

প্রধানমন্ত্রী মরিশন- সিঙ্গাপুরে ইএএস পার্শ্ববৈঠকে(14 নভেম্বর 2018), ওসাকায় জি20 পার্শ্ববৈঠকে(29 জুন 2019), বায়ারিংজ-এ জি7 -এর পার্শ্ব বৈঠকে(25 অগাস্ট 2019), এবং ব্যাংককে ইএএস পার্শ্ববৈঠকে (04 নভেম্বর 2019) চারবার মিলিত হয়েছেন।

6. অর্থনৈতিক সম্পর্ক বৃদ্ধি পাচ্ছে। 2018-19-এ, দুই দেশের মধ্যে প্রায় 21 বিলিয়ন মার্কিন ডলারের বাণিজ্য বিনিময় হয়েছে। ভারতে অস্ট্রেলিয়ার ক্রমবর্ধমান বিনিয়োগ প্রায় 10.74 বিলিয়ন মার্কিন ডলার , যেখানে অস্ট্রেলিয়াতে ভারতের মোট বিনিয়োগের পরিমাণ 10.45 বিলিয়ন মার্কিন ডলার। অস্ট্রেলীয় সুপার পেনসন ফান্ড ভারতে জাতীয় বিনিয়োগ এবং পরিকাঠামো তহবিলে 1 বিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ করেছে। দুই দেশ উভয়ের মধ্যে বিনিয়োগ এবং বাণিজ্য বৃদ্ধি করার দিকে তাকিয়ে রয়েছে।
7. দুটি গণতান্ত্রিক দেশ হিসেবে ভারত এবং অস্ট্রেলিয়া একে অপরের আঞ্চলিক এবং সার্বিক পরিপ্রেক্ষিতে সমঝোতার বিকাশ ঘটিয়েছে। আমাদের একটি স্বাধীন, মুক্ত, একীভূত এবং সমৃদ্ধিশালী ভারত-প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলের বিনিময় যোগ্য দৃষ্টিভঙ্গি রয়েছে।
8. ভারতের সার্বিক উদ্যোগ যেমন, আইএসএ, সিডিআরআই এবং ভারত-প্রশান্তমহাসাগরীয় উদ্যোগ(আইপিওআই) কে অস্ট্রেলিয়া সমর্থন করেছে। রাস্ট্রপুঞ্জের প্রসারিত সুরক্ষা পরিষদে(ইউএনএসসি) ভারতের সদস্যপদকে অস্ট্রেলিয়া সমর্থন করে। সাম্প্রতিক অতীতে, অস্ট্রেলিয়া , অস্ট্রেলিয়া গ্রুপে এবং ওয়াশিংটন অ্যারেঞ্জমেন্ট -এ আমাদের সদস্যপদকে সমর্থন করেছে আর এনএসজি-তে ভারতের সদস্যপদকে আনুকূল্য প্রদান করেছে।
9. ভারতীয় শীর্ষ সন্মেলন দুই নেতার মধ্যে, ভারত এবং অস্ট্রেলিয়ার মধ্যে বর্ধিত সৌহার্দ্যের পরিপ্রেক্ষিতে সম্পর্কের বর্ধিত পরিকাঠামোর পর্যালোচনা করতে এবং কোভিড-19-এ তাদের নিজনিজ প্রতিক্রিয়া আলোচনা করার সুযোগ গড়ে দেবে।

নিউ দিল্লি

জুন 03,2020

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release